

## যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ৫৭১

১/ বিবিধ

আরবী

كم من حوراء عيناء ما كان مهرها إلا قبضة من حنطة، أو مثلها من تمر  
موضوع

رواه العقيلي في "الضعفاء" (ص 13) وعنه ابن الجوزي في "الموضوعات" (3 /  
253) وابن حبان في "الضعفاء" (1 / 84) عن أبان بن المحبر عن نافع عن ابن عمر  
مرفوعا. ذكره في ترجمة أبان هذا وقال العقيلي  
"شامي منكر الحديث"

وقال ابن حبان: "روى عن الثقات ما ليس من أحاديثهم، حتى لا يشك المتبحر في  
هذه الصناعة أنه كان يعملها، لا يجوز الاحتجاج به ولا الرواية عنه". وقال في حديثه  
هذا: "باطل"

ونقل العسقلاني في "اللسان" عن العقيلي أنه قال: "لا يتابعه عليه إلا من هو مثله أو  
دونه"

وهذه الجملة ليست في نسختنا من "الضعفاء" للعقيلي والله أعلم. وقال ابن أبي حاتم  
في "العلل" (1 / 22): قال أبي: هذا حديث باطل، وأبان هذا مجهول ضعيف الحديث  
". وأورده ابن الجوزي في "الموضوعات" (3 / 253) فأصاب، قال المناوي: "وأقره  
عليه المؤلف - يعني السيوطي - في "مختصرها" فلم يتعقبه". انظر "اللآلي"  
للسيوطي (2 / 452)

৫৭১। কতিপয় সাদা চোখ কালো মনি বিশিষ্ট সাদা রঙের নারী রয়েছে যাদের মহর মাত্র এক মুষ্টি পরিমাণ গমের বা তার সমপরিমাণ খেজুরের।

হাদীছটি জাল।

এটি উকায়লী "আয-যোয়াফা" (পৃঃ ১৩) গ্রন্থে, তার থেকে ইবনুল জাওয়ী "আল-মাওয়ূ'আত" (৩/২৫৩) গ্রন্থে এবং ইবনু হিব্বান "আয-যোয়াফা" (১/৮৪) গ্রন্থে আবান ইবনুল মুহাব্বার হতে তিনি নাফে' হতে তিনি ইবনু উমার (রাঃ) হতে মারফু হিসাবে বর্ণনা করেছেন। উকায়লী বলেছেনঃ আবান হচ্ছেন শামী, তিনি মুনকারুল হাদীছ। ইবনু হিব্বান বলেনঃ তিনি নির্ভরযোগ্যদের উদ্ধৃতিতে এমন কিছু বর্ণনা করেছেন যেগুলো তাদের হাদীছ নয়। এমনকি এ বিষয়ে জ্ঞাত ব্যক্তির কোন সন্দেহ থাকার কথা নয় যে, তা তারই কৃতকর্ম। তার দ্বারা দলীল গ্রহণ করা এবং তার থেকে বর্ণনা করা জায়েয নয়। তিনি তার এ হাদীছটি সম্পর্কে বলেনঃ হাদীছটি বাতিল।

হাফিয় ইবনু হাজার "আল-লিসান" গ্রন্থে উকায়লী হতে নকল করেছেন, তিনি বলেনঃ তার মত বা তার চেয়ে নিম্ন পর্যায়ের ব্যক্তি ছাড়া তার মুতাবায়াত করেনি। ইবনু আবী হাতিম "আল-ইলাল" (১/২২) গ্রন্থে বলেন, আমার পিতা বলেনঃ এ হাদীছটি বাতিল। আবান মাজহুল, হাদীছের ক্ষেত্রে দুর্বল। মানবী বলেনঃ ইবনুল জাওয়ী যে হাদীছটিকে "আল-মাওয়ূ'আত" গ্রন্থে উল্লেখ করেছেন, সুয়ূতী তা সমর্থন করেছেন। সুয়ূতীর "আল-লাআলী" (২/৪৫২) গ্রন্থে দেখুন।

হাদিসের মান: জাল (Fake) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=71450>

📖 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন